কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

ডাউনলোড
"এই যুগ
অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 16 MAY 2026 ,SATURDAY | ১৬ মে ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-163

## ২০১১ সালের পর ইস্যু হওয়া সমস্ত কাস্ট সার্টিফিকেট রি-ভেরিফিকেশন করার সিদ্ধান্ত রাজ্য সরকারের




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,১৫ মে :** ২০১১ সালের পর তৃণমূল সরকারের আমল থেকে যত কাস্ট সার্টিফিকেট জারি করা হয়েছে, সেই সব সার্টিফিকেট "রি-ভেরিফিকেশন" করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্যের অনগ্রসর শ্রেণি কল্যাণ দপ্তর। শুক্রবার রি-ভেরিফিকেশনের নির্দেশ দিয়ে সব জেলার জেলাশাসকদের চিঠি পাঠানো হয়েছে। সূত্রের খবর, বহুবার তৃণমূল সরকার আমলে কাস্ট সার্টিফিকেট নিয়ে দুর্নীতি হয়েছে বলে অভিযোগ উঠেছিল । ভুয়ো কাস্ট সার্টিফিকেট দিয়ে বহু মানুষ তৃণমূল সরকার আমলে চাকরি তে ঢুকেছে এমন ও অভিযোগ বহুবার শোনা গেছে। এই সব অভিযোগ খতিয়ে দেখতে নয়া নির্দেশ রাজ্য সরকারের বলে মনে করছে বিভিন্ন মহল।

## দলছুট হাতি দাপিয়ে বেড়ায় চা বাগানে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ মে :** সাত সকালে এলাকায় দাপিয়ে বেড়াচ্ছে একটা দল ছুট হাতি ঘটনাটি আলিপুরদুয়ার এক ব্লকের পাটকাপাড়া এলাকার ঘটনা। এদিন সকালে জঙ্গল থেকে একটা দল ছুট হাতি বেরিয়ে লোকালয়ে প্রবেশ করে। হাতিটি এলাকায় দাপিয়ে বেড়ায়। পরবর্তীতে হাতিটি পাটকাপাড়া চা বাগানে প্রবেশ করে এবং পাটকাপাড়া চা বাগানে দাপিয়ে বেড়ায়। এদিকে হাতিকে দেখার জন্য সাধারণ মানুষের ভিড় উপচে পড়েছে। যদিও বনদপ্তরের কর্মীরা ওই এলাকায় এসে হাতি টিকে জঙ্গলে ফিরিয়ে নিয়ে যায়।

## আরজিকর কাণ্ডে ভুক্তভোগীর পরিবারকে ঘুষ দেওয়ার অভিযোগে তিন আইপিএস অফিসারকে বরখাস্ত করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,১৫ মে :** কলকাতার আরজিকর ধর্ষণ ও হত্যা মামলার অব্যবস্থাপনা এবং ভুক্তভোগীর পরিবারকে ঘুষ দেওয়ার দায়ে বেঙ্গল ক্যাডারের তিনজন আইপিএস অফিসার-বিনীত গোয়েল, ইন্দিরা মুখার্জি এবং অভিষেক গুপ্তকে সাময়িক বরখাস্ত করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তদন্ত চলাকালীন সময় পর্যন্ত এই তিনজন আইপিএস অফিসার সাময়িক বরখাস্ত অবস্থাতেই থাকবেন।শুক্রবার হাওড়ার নবান্নে সাংবাদিক বৈঠকে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই তিন জন আইপিএস অফিসারের বরখাস্ত করার কথা ঘোষণা করেন।মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এদিন পরিষ্কার বুঝিয়ে দিলেন আরজিকর কাণ্ডের দোষীদের তিনি উপযুক্ত শাস্তি দেওয়ার ব্যবস্থা করবেন। আরজিকর ধর্ষণ কাণ্ডে এই তিন আইপিএস অফিসারের বিরুদ্ধে বহুবার অভিযোগ করেছে নির্যাতিতার মা বাবা। এমন কি তথ্য লোপাট সহ মা বাবা কে টাকা দিতে যাওয়ার অভিযোগ উঠেছিলো ।

## পুরসভায় নিয়োগ দুর্নীতি সংক্রান্ত মামলায় ৯ ঘণ্টা জিজ্ঞাসাবাদের পর ইডির দপ্তর থেকে বের হলেন প্রাক্তন খাদ্যমন্ত্রী



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১৫ মে :** শুক্রবার কোন নোটিশ ছাড়াই সিজিও কমপ্লেক্সে ইডির দপ্তরে হাজির হলেন রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী তথা মধ্যমগ্রামের তৃণমূল বিধায়ক রথীন ঘোষ।পুরসভায় নিয়োগ দুর্নীতি সংক্রান্ত মামলায় একাধিকবার সমন পাঠানো হলেও নানান অজুহাত দেখিয়ে ইডির দপ্তরে হাজিরা দেননি তিনি। শুক্রবার হঠাৎ করেই ইডির দপ্তরে বিনা নোটিশে হাজির হন। প্রায় ৯ ঘণ্টা জিজ্ঞাসাবাদের পরে ইডির দপ্তর থেকে বের হন মধ্যমগ্রামের তৃণমূল কংগ্রেস বিধায়ক রথীন ঘোষ।ইডির দপ্তর থেকে বেরিয়ে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে তৃণমূল বিধায়ক রথীন বলেন, এটা আমার নিজস্ব ব্যাপার। যা ডকুমেন্ট চেয়েছিল ,সব দেওয়া ডকুমেন্ট দেওয়া হয়েছে।

# উচ্চস্বরে মাইক বাজানো নিষেধ ধর্মীয় প্রতিষ্ঠানে , সতর্ক পুলিশের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ মে :** জয়গাঁ থানা এলাকার সব ধর্মীয় প্রতিষ্ঠানের পরিচালন কমিটির সদস্যদের নিয়ে শুক্রবার বৈঠক আয়োজিত হয় জয়গাঁ থানায়। বৈঠকে জয়গাঁ থানার ওসি নয়ন দাস সকলের সঙ্গে কথা বলেন। বৈঠক থেকে সকলকে জানিয়ে দেওয়া হয় ধর্মীয় প্রতিষ্ঠানের পরিসরে মাইকের আওয়াজ যাতে সীমাবদ্ধ থাকে। এর বাইরে যাতে কোনওভাবে আওয়াজ না যায়।যদি লাউডস্পিকার বাজতে কোথাও দেখা যায় তাহলে সেই ধর্মীয় প্রতিষ্ঠানের পরিচালন কমিটির বিরুদ্ধে আইনত ব্যবস্থা নেওয়া হবে।শব্দদূষণ কোনও ভাবেই মেনে নেওয়া হবে না বলে পুলিশ প্রশাসনের তরফে জানানো হয়েছে। জয়গাঁ থানার ওসি নয়ন দাস জানান, বৈঠকের মাধ্যমে সকলকে জানিয়ে দেওয়া হল নিয়ম। শব্দ দূষণ আর মেনে নেওয়া হবে না।"

# বাল্যবিবাহ সহ নেশা জাতীয় দ্রব্য বর্জনের আহ্বান পুলিশের




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ মে :** জয়গাঁ থানার পুলিশের পক্ষ থেকে জনসংযোগ কর্মসূচি করা হয়েছে গুয়াবাড়ি টোলগেট এলাকায়। বাইক চালকদের সচেতন, ড্রাগস নিয়ে সচেতনতার পাশাপাশি বাল্যবিবাহ বন্ধ সহ বিভিন্নভাবে সাধারণ মানুষ প্রতারণা হচ্ছে তাই নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় জনসমক্ষে। পশ্চিমবঙ্গের সরকারের বদল হয়েছে আর এর পরেই আলিপুরদুয়ার জেলা পুলিশের পক্ষ থেকে সাধারণ মানুষকে সচেতন করতে নানা রকম কর্মসূচি গ্রহণ করা হচ্ছে।

# বিধানসভা ভোট গণনার পরেই বন্ধ হয়ে গেল শামুকতলায় গরু বেচাকেনা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ মে :** অঘোষিত ভাবে বিধানসভা ভোটের ফলাফল ঘোষণা হওয়ার পরেই শামুকতলা হাটে বন্ধ হয়ে গেছে গরু কেনাবেচা। বামফ্রন্টের ৩৪ বছরের শাসনকালের পর তৃণমূলের ১৫ বছরের শাসনকালে উত্তরবঙ্গের ঐতিহ্যবাহী শামুকতলা হাটে গরু কেনাবেচা হতো। সদ্য বিধানসভা ভোটের ফলাফল ঘোষণা হওয়ার পরেই অঘোষিত ভাবে গরু কেনাবেচা বন্ধ হয়ে গেছে আর এর ফলে বিপাকে পড়েছেন ইজারাদার। ৪৪ লক্ষ টাকা দিয়ে এবার শামুকতলা হাট নিলাম হয়েছে গত এপ্রিল মাসে। এক মাস খাজনা তোলার পরেই বিধানসভা ভোটের ফলাফল ঘোষণা হতেই বন্ধ হয়ে গেছে গরু কেনাবেচা। শুনশান হয়ে গেছে হাট। কপালে ভাঁজ পড়েছে ইজারাদারের। এদিকে শামুকতলা হাটে গরু কেনাবেচা বন্ধ হওয়ার দরুন ব্যবসায়ীদের মাথায় হাত পড়েছে। গরুহাটি সংলগ্ন দোকানগুলোতে খরিদ্দার নেই শুনশান এলাকা। উত্তরবঙ্গের ঐতিহ্যবাহী শামুকতলা হাট বসে প্রতি শুক্রবারে। এই হাটের উপর নির্ভর করে অনেক পরিবারের জীবন যাপন করতে হয়। গত শুক্রবারে হাটে একদমই লোকজন ছিল না। ব্যবসায়ীরা ভেবে ছিলেন হয়তো এই হাটে জনসমাগম বেশি হবে। কিন্তু শুক্রবারের হাটেও জনসমাগম নেই। ইজারাদার সুরজিত অধিকারী বিষয়টি নিয়ে জেলা পরিষদে জানিয়েছেন। এমনকি তিনি পুলিশকেও জানিয়েছেন গরুর বাজার খোলা যাবে কিনা তাই নিয়ে । একদিকে গরু কেনা বেচা বন্ধ অন্যদিকে ব্যবসায়ীরা হতাশ। এভাবে চলতে থাকলে আগামী দিনে ক্ষুদ্র ব্যবসায়ী এবং সাধারণ মানুষের মধ্যে প্রভাব পড়বে।

# আলু বোঝাই ট্রাকে গাঁজা পাচারের ছক ভেস্তে দিলো পুলিশ, গ্রেপ্তার চালক ও সহকারী



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১৫ মে :** কোচবিহার জেলা পুলিশের মাথাভাঙ্গা থানার পুলিশ শুক্রবার সকালে গোপন সুত্রে খবর পায়  মাথাভাঙ্গা শহরের একটি বেসরকারী লজের সামনে সন্দেহভাজন একটি ট্রাক দাঁড়িয়ে আছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ট্রাকটিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে ট্রাকে বোঝাই আলুর বস্তার মাঝখানে লুকিয়ে রাখা দশ বস্তা গাঁজা উদ্ধার হয়। উদ্ধার করা গাঁজার পরিমান চারশ ছিয়াত্তর কেজি বলে জানায় পুলিশ। গ্রেপ্তার করা হয় ট্রাকের চালক ও সহকারীকে। উদ্ধার ও গ্রেপ্তারি প্রক্রিয়া এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পাঠানো হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে এই গাঁজা অন্যত্র পাচারের ছক কষেছিলো পাচারকারীরা। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# পুলিশের উদ্যোগে জনসচেতনতা কর্মসূচি




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে জেলার গ্রাম পঞ্চায়েত গুলিতে শুরু হয়েছে জন সচেতনতা কর্মসূচি।  পুলিশ আধিকারিকরা এই কর্মসুচীতে গ্রাম পঞ্চায়েত এলাকার সাধারন মানুষদের সাথে মত বিনিময় করেন ও বিভিন্ন গুরুত্বপূর্ণ সামাজিক ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে তাদের সচেতনতা বৃদ্ধি করেন। শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে জনগনের সহযোগিতার গুরুত্ব নিয়ে আলোচনার পাশাপাশি শিশু পাচার, বাল্যবিবাহ, মাদকাসক্তি,সাইবার অপরাধ প্রতিরোধে  সচেতনতা সৃষ্টি করা হয়। পুলিশ সুত্রে জানানো হয় পুলিশ ও জনতার সম্পর্ক দৃঢ় করা ও নিরাপদ সমাজ গঠনে জনগনের সক্রিয় অংশ গ্রহন নিশ্চিত করার লক্ষ্যেই এই উদ্যোগ। এই উদ্যোগ কমিউনিটি পুলিশিং কার্যক্রমের অংশ।

# পুলিশ ও বিএসএফ এর যৌথ অভিযানে উদ্ধার সতেরোটি গরু ,গ্রেপ্তার এক



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার , ১৫ মে :** কোচবিহার জেলার তুফানগঞ্জ মহকুমার পুলিশ আধিকারিক এর নেতৃত্বে তুফানগঞ্জ থানার পুলিশ ও বি এস এফ এর ঝলঝলি বর্ডার আউটপোস্ট এর জওয়ানরা যৌথভাবে শুক্রবার সকালে দেওচড়াইয়ের চৌকুশী বলরামপুর এলাকার একটি বাড়িতে অভিযান চালান। অভিযানে উদ্ধার হয় সতেরোটি গরু। জানা গেছে বাংলাদেশে পাচারের উদ্দ্যেশ্যে গরুগুলি জড়ো করে রাখা হয়েছিলো। গ্রেপ্তার করা হয় এক পাচারকারীকে। পুলিশ সূত্রে জানা গেছে ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়েছে ও তাকে শুক্রবার তুফানগঞ্জ মহকুমা আদালতে পেশ করা হয়েছে। এই অভিযানটি পুলিশ ও বি এস এফ এর মধ্যে দৃঢ় সমন্বয় এবং পারস্পরিক সহযোগিতার উজ্জ্বল দৃষ্টান্ত বলে মনে করছেন ওয়াকিবহাল মহল।

# নদী থেকে অবৈধভাবে বালি তুলে ট্রাকে করে পাচারের চেষ্টা ভেস্তে দিলো পুলিশ



নিজস্ব সংবাদদাতা,এই যুগ,শিলিগুড়ি, ১৫ মে : শিলিগুড়ি লাগোয়া ফাঁসীদেওয়ার চেঙ্গা নদী থেকে অবৈধভাবে বালি তুলে ট্রাকে করে পাচারের চেষ্টা ভেস্তে দিলো ঘোষপুকুর ফাঁড়ির পুলিশ। জানা গেছে শুক্রবার সকালে পুলিশ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে এই অভিযান চালায়। অভিযানের আঁচ পেয়ে চালক নদীতীরে ট্রাক রেখেই পালিয়ে যায়। বালি বোঝাই বা পরিবহনের কোন বৈধ নথিপত্র না পেয়ে পুলিশ ট্রাকটিকে বাজেয়াপ্ত করে। ট্রাকের চালক ও মালিকের খোঁজ করছে পুলিশ। পুলিশ জানিয়েছে এই বালি রায়গঞ্জে পাচারের ছক কষেছিলো পাচারকারী। অবৈধ বালি পাচারের বিরুদ্ধে পুলিশের এধরনের অভিযান নিয়মিত চলবে বলে জানিয়েছে পুলিশ।

# শামুকতলায় দিনভর অভিযান ট্রাফিক পুলিশের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ মে : আলিপুরদুয়ার জেলা পুলিশের নির্দেশের শামুকতলা থানার ট্রাফিক পুলিশের পক্ষ থেকে শুক্রবার সকাল থেকেই হেলমেট বিহীন বাইক চালকদের ধরে জরিমানা করতে সক্রিয় হয়ে উঠেছে পুলিশ। সকাল ৯ টা থেকে শামুকতলা চৌপথী এলাকায় অভিযান শুরু হয়েছে পুলিশের। বেলা সাড়ে এগারোটা নাগাদ পুলিশ স্থান পরিবর্তন করে হাতিপোতা শামুকতলা রাজ্য সড়কে দাঁড়িয়েছে। শামুকতলা থানা ট্রাফিক অফিসার সূত্রে জানা গেছে জেলা পুলিশের নির্দেশে বাইক চালকদের সচেতন করার পাশাপাশি হেলমেট না পড়লে জরিমানার কাজ শুরু করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে বেলা সাড়ে ১১ টা নাগাদ ৩০ জন বাইক চালককে জরিমানা করা হয়েছে হেলমেট মাথায় না থাকায়। দিন ভর অভিযান চলতে থাকবে জানা গেছে শামুকতলা ট্রাফিক পুলিশ সূত্রে।

# প্রকাশ্য দিবালোকে আলিপুরদুয়ার শহরে ছিনতাই



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ মে : ধূপগুড়ি ও ফালাকাটার পর এবার আলিপুরদুয়ার শহরেও সক্রিয় হয়ে উঠেছে পুলিশ পরিচয়ে প্রতারণাকারী চক্র। শুক্রবার দিনের বেলায় জেলা সদর শহরের ব্যস্ত কলেজ হল্ট এলাকায় এক বৃদ্ধার কাছ থেকে প্রায় ৫ লক্ষ টাকার সোনার গয়না প্রতারণার মাধ্যমে হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে।প্রতারিত বৃদ্ধা পুতুল সরকার আলিপুরদুয়ার পুরসভার সূর্যনগর এলাকার বাসিন্দা। অভিযোগ, এদিন সকাল সাড়ে ১১টা নাগাদ তিনি কেওয়াইসি সংক্রান্ত নথি জমা দিতে কলেজ হল্ট এলাকার একটি ব্যাঙ্কে যান। ব্যাঙ্ক থেকে বেরিয়ে কিছু কাগজের ফটোকপি করাতে গেলে তিন যুবক তাঁর কাছে আসে এবং নিজেদের পুলিশ কর্মী বলে পরিচয় দেয়।ঘটনার বর্ণনা দিতে গিয়ে পুতুল সরকার বলেন, "একজন নিজেকে পুলিশ অফিসার পরিচয় দিয়ে জানায়, এলাকায় সম্প্রতি ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। নিরাপত্তার জন্য তারা আমাকে গয়না খুলে রাখতে বলে। আমি তাদের কথামতো গয়না খুলে দিলে তারা কাগজে মুড়ে সেটি ফেরত দেয়। পরে দেখি, প্যাকেটের ভিতরে আর গয়না নেই।"ঘটনার পর পুতুল সরকার আলিপুরদুয়ার থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।একই কায়দায় সম্প্রতি ফালাকাটা ও ধূপগুড়িতেও প্রতারণার ঘটনা সামনে এসেছে। সেখানে প্রতারকরা প্রায় ১০ লক্ষ টাকারও বেশি গয়না নিয়ে পালিয়ে যায় বলে অভিযোগ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# গো মাংস পাচার করতে গিয়ে গ্রেফতার এক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ মে : পুলিশের চোখে ধুলো দিয়ে রাতের অন্ধকারে গো মাংস পাচার করতে গিয়ে ধরা পড়লো এক ব্যক্তি জয়গাঁ থানার পুলিশের কাছে। বৃহস্পতিবার গভীর রাতে তাকে গ্রেফতার করা হয় জয়গাঁ থানার পুলিশের পক্ষ থেকে। শুক্রবার ওই ব্যক্তিকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হয়েছে। তার বাড়ি জয়গাঁ ঝরনা বস্তি এলাকায়। অভিযুক্ত ব্যক্তির নাম আমিন আলি এমনটাই জানা গেছে পুলিশের কাছ থেকে। তার বাড়ি ঝরনা বস্তি এলাকায়।

# তিন বছরেও সভা হয়নি কালচিনি পঞ্চায়েত সমিতিতে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ মে : ২০২৩ সালে পঞ্চায়েত ভোট হয়েছে পরবর্তীতে প্রায় তিন বছর হতে চললো কালচিনি পঞ্চায়েত সমিতি সাধারণ সভা ডাকা হয় নাই। এমনকি পঞ্চায়েত সমিতিতে কি কাজ হচ্ছে এই বিষয়ে কিছুই জানেনা বিজেপি থেকে নির্বাচিত পঞ্চায়েত সমিতি সদস্যরা। এদিন কালচিনি পঞ্চায়েত সমিতির বিজেপির পঞ্চায়েত সমিতি সদস্যরা লিখিত আকারে কালচিনি বিডিও কে জানিয়ে দেন নিয়ম মাফিক পঞ্চায়েত সমিতি কার্যালয় চলতে হবে। সাধারণ সভা ডেকে সমস্ত কাজের বিষয়ে আলোচনা করতে হবে।এই বিষয়ে কালচিনি পঞ্চায়েত সমিতি সদস্যরা জানান এতদিন বিরোধী দের কোনো গুরুত্ব দেওয়া হত না এমনকি সাধারণ সভা একবার ও ডাকা হয় নাই। আমাদের কাছে অভিযোগ আছে কাজ না করে অনেক জায়গায় বিল পাশ হয়ে যেতো এদিন আমরা কালচিনি বিডিও কে জানিয়ে দিয়েছি কাজের মান পর্যবেক্ষণ করে তার পর বিল ছাড়া হবে সমস্ত নিয়ম মেনে পঞ্চায়েত সমিতি চলবে এতদিন কোনো নিয়ম মানা হত নিজের ইচ্ছেমতো করে তৃণমূল পরিচালিত কালচিনি পঞ্চায়েত সমিতি চলতো সেটা আর এখন চলবেনা।

# কালচিনি পুলিশের অভিযানে জরিমানা কুড়িজনকে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ মে : রাজ্যে পালাবদলের পর কড়াকড়ি ব্যবস্থা ট্রাফিক আইনেও। বিনা হেলমেট এবং মদ্যপ অবস্থায় গাড়ি চালালে তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করছে পুলিশ। শুক্রবার সকাল থেকে ট্রাফিক ব্যবস্থায় কড়াকড়ি ভূমিকা গ্রহণ করতে দেখা গেল পুলিশকে। হ্যামিলটনগঞ্জ বাস স্ট্যান্ড এবং কালচিনি চৌপথি এলাকায় দেখা গেল পুলিশের অভিযান। পুলিশের পক্ষ থেকে সাফ জানিয়ে দেওয়া হয়েছে মাথায় হেলমেট ছাড়া বাইক চালাতে পারবেন না চালক। পাশাপাশি যিনি পেছনে বসা থাকবেন তাকেও পড়তে হবে হেলমেট। সিট বেল্ট ছাড়া গাড়ি চালানো যাবে না। মদ্যপ অবস্থায় গাড়ি চালালে তার বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণ করা হবে। এদিন এই অভিযানে হেলমেট ছাড়া বাইক চালিয়েছেন কুড়িজনকে ফাইন করেছে পুলিশ।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |